



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৭-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

সঞ্চয় ও ঋণ বিভাগ

পসব্য/প্রকা/পরি-২২(অংশ-৩)/২০২৫-২৬/ ৩৩৮

তারিখ: ১৩/০৫/২০২৬ খ্রি.

শাখা ব্যবস্থাপক (সকল)

পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ২০২৫-২৬ অর্থবছরের হিসাব সমাপনী আসন্ন। মার্চ, ২০২৬ পর্যন্ত ব্যাংকের শাখা সমূহের পারফরমেন্স পর্যালোচনা করে লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ শাখায় শ্রেণীকৃত ঋণের হার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে যা কোনো ভাবেই কাম্য নয়। শ্রেণীকৃত ঋণ ব্যাংকের সার্বিক উন্নয়নে বাধা সৃষ্টি করে, প্রতিশন সংরক্ষণ করতে হয় বিধায় কাজকর্মিত মুনাফা অর্জন করা সম্ভব হয় না। কাজকর্মিত মুনাফা অর্জনসহ ব্যাংকের সার্বিক উন্নয়নে আসন্ন হিসাব সমাপনিতে শ্রেণীকৃত ঋণ হাস করা আবশ্যিক। এমতাবস্থায়, নিম্নবর্ণিত হাতিয়ারসমূহ প্রয়োগ করে শ্রেণীকৃত ঋণের হার হাসকরণসহ শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো:

১. নগদে আদায় :

সকল শাখাকে নগদ ঋণ আদায় কার্যক্রম বাস্তবায়নের জন্য কতিপয় ব্যবস্থা গ্রহণ করতে হবে তার মধ্যে উল্লেখযোগ্য হলো: বাড়ি বাড়ি গিয়ে ঋণের টাকা আদায় করতে হবে; মোবাইলে কল করে তাগিদ প্রদান করতে হবে; বিভিন্ন ধরনের ক্রাশ প্রোগ্রাম আয়োজন করতে হবে; স্থানীয় জনপ্রতিনিধি/প্রশাসনের সহায়তা গ্রহণের মাধ্যমে প্রয়োজনে ক্যাম্প করে ঋণ আদায়ের ব্যবস্থা করতে হবে; সর্বোপরি ঋণ খেলাপি হচ্ছে কিনা সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।

২. উঠান বৈঠক আয়োজন:

সমিতির সদস্যগণের অংশগ্রহণে নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। কার্যকর উঠান বৈঠকের মাধ্যমে ঋণের অর্থ আদায়ের উপর জোর দিতে হবে।

৩. মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিম :

মৃত্যু ঝুঁকি আচ্ছাদন স্কিমের আওতায় সমন্বয়যোগ্য সকল মৃত ঋণগ্রহীতার ঋণ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪. ঋণের মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ :

ঋণগ্রহীতার মৃত্যু, প্রাকৃতিক দুর্যোগ, মড়ক, নদীভাঙন কিংবা অন্যান্য অনিয়ন্ত্রণযোগ্য কারণে ক্ষতিগ্রস্ত গ্রাহকদের ক্ষেত্রে যথাযথ যাচাই-বাছাই সাপেক্ষে মুনাফা (সার্ভিস চার্জ) মওকুফ এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫. ঋণ পুনঃ তফসিলকরণ :

কোন ঋণগ্রহীতা প্রাকৃতিক দুর্যোগ, নদীভাঙন, অগ্নি দুর্ঘটনা, ব্যবসায় ক্ষতিসহ অন্যান্য নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ক্ষতিগ্রস্ত হলে ঐ ঋণগ্রহীতার ঋণ পুনঃ তফসিল/ পরিশোধের মেয়াদ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬. খেলাপি গ্রাহকদের উকিল/লিগ্যাল নোটিশ প্রদান:

২৯/০৪/২০২৫ তারিখের পসব্য/প্রকা/পরি-২২(অংশ-৩)/২০২৪-২৫/৪২৭ নং পত্রের মাধ্যমে সন্দেহজনক (DF) ও মন্দ ঋণ (BL) গ্রহীতাদের নিকট হতে ঋণের অর্থ আদায়ের নিমিত্ত উকিল নোটিশ প্রদানের নির্দেশনা দেওয়া হয়। উক্ত নির্দেশনা অনুযায়ী খেলাপি গ্রাহকদের লিগ্যাল নোটিশ দিতে হবে।

৭. দৈনিক ভিত্তিতে মনিটরিং জোরদারকরণ :

প্রত্যেক মাঠ সহকারীকে হালনাগাদ ঋণ শ্রেণীকরণের তালিকা প্রদান করে শাখা ব্যবস্থাপক দৈনিকভিত্তিতে শ্রেণীকৃত ঋণ আদায়ের বিষয়ে মনিটরিং করবেন। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের বিভাগীয় মনিটরিং কর্মকর্তাগণ তাদের নিজ নিজ আওতাধীন জেলা/বিভাগের ঋণ আদায় দৈনিক ভিত্তিতে মনিটরিং করবেন।

৮. ঋণ আদায়ে শাখাভিত্তিক মাইকিং করা:

খেলাপি ও শ্রেণীকৃত ঋণ আদায়ের প্রচলিত হাতিয়ারসমূহের পাশাপাশি মাইকিংকে একটি কার্যকর পদ্ধতি হিসেবে কোনো কোনো ব্যাংক ব্যবহার করে। এ ব্যাংকের খেলাপি ও শ্রেণীকৃত ঋণ আদায়ের লক্ষ্যে শাখাসমূহের আওতাধীন এলাকায় মাইকিং করতে হবে। শাখার যে সকল সমিতিতে ইউনিয়নে খেলাপি/শ্রেণীকৃত ঋণ অধিক সে সকল এলাকায় অগ্রাধিকার ভিত্তিতে মাইকিং করে খেলাপি/শ্রেণীকৃত ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করতে হবে।

০৩। খেলাপি/শ্রেণীকৃত ঋণগ্রহীতাগণকে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে মাইকিং করার জন্য নিম্নবর্ণিতভাবে শাখাসমূহকে ভাগ করে বাজেট বরাদ্দ প্রদান করা হলো:

ক্র.নং	শাখাভিত্তিক ইউনিয়ন সংখ্যা	বরাদ্দকৃত বাজেট
১	১-৫ টি	৩,০০০/-
২	৬-১০ টি	৪,০০০/-
৩	১১-১৫ টি	৫,০০০/-
৪	১৬ ও তদূর্ধ্ব	৬,০০০/-

মাইকিং এর জন্য ব্যবসায় উন্নয়ন খাত (কোড-৯০৩০৪০০৭) হতে খরচ করতে হবে। সরকারি বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ৭.৫০% ট্যাক্স কর্তন করতে হবে (যা পরিবর্তনযোগ্য)।


(সালমা বানু)
২৬/০৩/২০২৬
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪) সকল বিভাগীয় প্রধান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, (বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৫) সকল বিভাগীয় মনিটরিং কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৭) জেলা নিরীক্ষা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৮) অফিস নথি/মহানথি।